

ঢাকা ওয়াসা

বিষয়: নিয়োগ সংক্রান্ত গঠিত কমিটির সভায় সদস্যগণের সম্মানী বাবদ অস্থায়ী অগ্রিম প্রদান সংক্রান্ত।

৮৩। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

৮৪। ঢাকা ওয়াসায় সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন পদে নিয়োগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে গঠিত কমিটির একটি সভা ০৩/০৬/২০২৫ তারিখ বুধবার বেলা ৩.০০ ঘটিকায় তুরাগ হলে (৪র্থ তলা, ওয়াসা ভবন) অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে কমিটির সদস্যগণকে সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হবে। গঠিত কমিটির আহ্বায়ক, সদস্য ও সহায়কের উপস্থিতির জন্য সম্মানী ভাতা বাবদ $\{৫০০০ \times ৬\} = ৩০,০০০/-$ টাকা, ০২ জন সহায়ক কর্মকর্তার $(২,৫০০ \times ২) = ৫,০০০/-$ টাকা, ০১ জন সহায়ক কর্মচারীর সম্মানী বাবদ $১,০০০/-$ টাকাসহ সর্বমোট $(৩০,০০০ + ৫,০০০ + ১,০০০) = ৩৬,০০০/-$ টাকা নির্ধারণ করা যেতে পারে। এছাড়াও সভায় স্টেশনারী ব্যয় বাবদ $১,৫০০/-$ টাকা প্রয়োজন হবে।

৮৫। অনুচ্ছেদ-৮৪ এর বর্ণনামতে উক্ত সভায় সর্বমোট $(৩৬,০০০/- + ১,৫০০/-) = ৩৭,৫০০/-$ (সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ

ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে কমিটির সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

খ. আপ্যায়নের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

গ. কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা, কর্মচারীদের সম্মানী ও স্টেশনারী খরচ বাবদ সর্বমোট $৩৭,৫০০/-$ (সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যায়।

৮৬। উপরোক্ত নোট অনুঃ ৮৫ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

২/৬/২৫

সহকারী সচিব
অফিস সুপারিনটেনডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ আলমগীর হোসেন
উপসচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ মাহাবুবুল হক
সচিব
ঢাকা ওয়াসা।

০২/৬/২৫
DMD (HR & Admin)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
প্রাথমিক কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

DS-৯১